

**সরকারি ভরতুকিতে কৃষি যন্ত্রপাতি বিতরণ ও কৃষি যন্ত্রাদি ভাড়া কেন্দ্র স্থাপন কর্মসূচি ২০১৯-২০
অনলাইনে আবেদনের বিজ্ঞপ্তি**

কৃষিযন্ত্রের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকারের কৃষি যন্ত্রায়ন প্রকল্পে (FSSM, OTA-SFI & CHC) বিভিন্ন উন্নত কৃষি যন্ত্রপাতি ভরতুকিতে ক্রয়ের জন্য অনলাইনে আবেদনপত্র আগামী ১৮ ই জুলাই ২০১৯ থেকে ৩১শে জুলাই ২০১৯ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত মাটির কথা ওয়েবসাইটের (matirkatha.net) মাধ্যমে নেওয়া হবে।

অনলাইনে পূরণ করা আবেদনপত্রের ছাপানো প্রতিলিপি, সমস্ত প্রাসঙ্গিক নথি সহ সংশ্লিষ্ট ব্লক (FSSM ও OTA-SFI -র ক্ষেত্রে)/ জেলা (CHC র ক্ষেত্রে) কৃষিকরণে ৩১শে জুলাই ২০১৯ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।

২৮শে আগস্ট ২০১৯ তারিখের মধ্যে জেলা ও ব্লক ভিত্তিক উপভোক্তার অগ্রাধিকার তালিকা প্রকাশ করা হবে।

উপভোক্তার পক্ষে ভরতুকি প্রদানের আদেশনামা প্রদান করার ৩০ দিনের মধ্যে (৪৫ দিন সোলার পাম্প ও মিনি ডালমিলের জন্য) নির্ধারিত কৃষিযন্ত্র অনুমোদিত ডিলারের কাছ থেকে কিনে সংশ্লিষ্ট নথি সহকারে ব্লক কৃষি করণে জমা দিতে হবে। অন্যথায় নির্ধারিত উপভোক্তার ভরতুকির অনুমোদন বাতিল বলে গণ্য হবে। ক্রয় করা কৃষিযন্ত্র অবশ্যই সরকার অনুমোদিত পরীক্ষণ কেন্দ্র দ্বারা পরীক্ষিত হতে হবে।

কৃষিযন্ত্র ক্রয়ের যাচাই করার পর নির্ধারিত ভরতুকির টাকা উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি প্রদান করা হবে।

কৃষিযন্ত্র ভাড়া কেন্দ্র স্থাপনের প্রোজেক্ট জেলা কমিটি ও ব্যাঙ্ক দ্বারা অনুমোদনের পর ভরতুকির অর্থ উপভোক্তার সাবসিডি রিজার্ভ ফান্ড অ্যাকাউন্টে প্রদান করা হবে ; ব্যাঙ্ক উদ্যোগকারীর কাছ থেকে মার্জিন মানি সংগ্রহ করে ঋণ মঞ্জুর করবেন এবং ভরতুকি প্রদানের ৩ মাসের মধ্যে কেন্দ্রটি স্থাপন সুনিশ্চিত করবেন।

ভরতুকির পরিমাণ শক্তিচালিত যন্ত্রের জন্য (FSSM) মোট দামের কমপক্ষে ৪০% বা সর্বোচ্চ ৫ লক্ষ টাকা পর্যন্ত।

ভরতুকির পরিমাণ ছোটযন্ত্র ক্রয়ের জন্য (OTA-SFI) মোট দামের ৫০% বা সর্বোচ্চ ১০০০০ টাকা।

কৃষিযন্ত্র ভাড়া কেন্দ্র স্থাপনের জন্য (CHC) ২০ লক্ষ টাকা থেকে ২০০ লক্ষ টাকা পর্যন্ত প্রকল্পব্যয়ের ৪০% বা সর্বোচ্চ ৮০ লক্ষ টাকা ভরতুকি প্রদানের সুযোগ আছে। কমপক্ষে দুবছরের মধ্যে প্রতিষ্ঠিত চালু CHC - কে সশক্তিকরণের জন্য ভরতুকির সুযোগ আছে।

বিশদ বিবরণের জন্য “মাটির কথা” - ওয়েবসাইট (matirkatha.net) বা নিকটবর্তী কৃষি বিভাগের করণে যোগাযোগ করুন।

আই.সি.এ-১৪৩০(৫)/২০১৯